দৈনিক সংবাদ

তারিখ JAN. 4. 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

## বেসরকারি কলেজে জীব বিজ্ঞান বন্ধ হওয়া প্রসঙ্গে

আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর সর্বজনীন-জনকল্যাণমুখী শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের আলোকে নতুন শিক্ষানীতি গ্রহণের জন্য কমিটি গঠন করেছেন। এজন্য প্রধানমন্ত্রীকে ধন্যবাদ। কিন্তু দুঃখের বিষয় হঠাৎ করে শিক্ষা মন্ত্রণালয় আত্মঘাতি সিদ্ধান্ত নিয়ে গ্রাম বাংলার বেসরকারি কলেজগুলোতে বিজ্ঞান বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় জীব বিজ্ঞান বন্ধ করে দেয়ায় বাংলাদেশের গ্রাম পর্যায়ে অবহেলিত বঞ্চিত সম্ভাবনাময় অনেক মেধাবী ছাত্র/ছাত্রী বিশেষ করে ছাত্রীদের ভবিষ্যৎ অনিশ্চিত। কেননা ছাত্রীদের পক্ষে জেলা শহরের সরকারি কলেজে যাতায়াত করে উচ্চ শিক্ষা গ্রহণ করা কিছুতে সম্ভবপর নয়। জীব বিজ্ঞান-বন্ধ হওয়ার ফলে গ্রাম-বাংলার সম্ভাবনাময় ছাত্র/ছাত্রী বিশেষ করে চিকিৎসা শাস্ত্র, উদ্ভিদ বিদ্যা, প্রাণিবিদ্যা প্রভৃতি বিষয়ে উচ্চ শিক্ষার পথ সম্পূর্ণ বন্ধ হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। বাংলাদেশে শতকরা ৮০ ভাগ জনগোষ্ঠী গ্রামে বাস করে। উক্ত বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী, আপনার আশু হস্তক্ষেপ কামনা করছি। আপনি এ সমস্যার সমাধান করলে গ্রাম-বাংলার অবহেলিত ছাত্র/ছাত্রীরা যারা উচ্চ শিক্ষার জন্য উপরোক্ত বিষয়গুলো পড়তে ইচ্ছুক তাদের সঙ্গে বিমাতাসুলভ আচরণ করা হবে না। সঙ্গে সঙ্গে আপনার সরকারের দেওয়া কথা অনুযায়ী ২০০০ সালের মধ্যে সাক্ষরতার হার ৭০%-এ উন্নীত হবে ইনশাল্লাহ।

এমতাবস্থায়, প্রধানমন্ত্রীর কাছে আবেদন গ্রাম-বাংলার অবহেলিত, বঞ্চিত গরিব সম্ভাবনাময় ছাত্র/ছাত্রীদের জ্ঞানের আলোকে আলোকিত করার লক্ষ্যে ১৯৯৮-৯৯ শিক্ষাবছরে শিক্ষা মন্ত্রণালয়ের হঠাৎ সিদ্ধান্ত অনুযায়ী নতুন বেসরকারি কলেজে বন্ধ করে দেওয়া জীব বিজ্ঞান বিষয় পুনরায় চালু করার জন্য আপনার দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশ দানের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

মোঃ আজিজুল হক ভুঁইয়া
আহ্বায়ক
কেন্দ্রীয় অভিভাবক ফোরাম কমিটি
৪৭, জামান চেম্বার (৪র্থ তলা),
(নিউ এমিকো ইন্টাঃ)
দিলকুশা, ঢাকা